গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

তারিখ: ১৮/০৯/২০২৩

# অনার্স ৩য় বর্ষ পরীক্ষা-২০২২ ফরম পূরণের সময় বর্ধিতকরণ

২০২২ সনের ৩য় বর্ষ সম্মান নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য **https://sbl.com.bd:7070/SevenCollege/Payment/** লিংকে প্রবেশ করে **Form Fill-up Fee** অপশনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক ফি পরিশোধ করে **Payment Slip** ও অন্যান্য কাগজপত্র স্ব-স্ব বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | বাংলা, ইসলামের ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম ও হিসাববিজ্ঞান | ৪,২০৫/- |
| ০২ | ইংরেজি, ইতিহাস, ইসলামি শিক্ষা, অর্থনীতি ও সমাজবিজ্ঞান | ৩,৯৩০/- |
| ০৩ | ব্যবস্থাপনা | ৩,৯০৫/- |
| ০৪ | গণিত | ৪,৯০০/- |
| ০৫ | পদার্থবিজ্ঞান | ৪,৬০০/- |
| ০৬ | রসায়ন | ৪,৬৫০/- |
| ০৭ | উদ্ভিদবিজ্ঞান | ৪,০২৫/- |
| ০৮ | প্রাণিবিজ্ঞান | ৪,০০০/- |
| ০৯ | ভূগোল ও পরিবেশ | ৪,৬০০/- |
| ১০ | মনোবিজ্ঞান | ৪,৩০০/- |
| ১১ | গার্হস্থ্য অর্থনীতি | ৪,৭০০/- |
| | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ২,২৩০/- |
| ০২ | ০২ বিষয় | ২,৫৩০/- |
| ০৩ | ০৩ বিষয় | ২,৮৩০/- |
| ০৪ | ০৪ বিষয় | ৩,১৩০/- |

বিঃদ্রঃ মান্নোনয়ন শিক্ষার্থীদের ক্ষেত্রে নোটিশে উল্লিখিত ফি দেখে পরিশোধ করতে হবে এবং ফি পরিশোধের ক্ষেত্রে কোনো প্রকার সমস্যা হলে কলেজ অফিসের ১১৪ নং কক্ষে যোগাযোগ করতে হবে।

* মাঠকর্ম, থিসিস, টার্মপেপার এবং অ্যাসাইনমেন্ট যদি থাকে নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

* নন-কলেজিয়েট শিক্ষার্থীদের মূল টাকার সাথে রশিদের মাধ্যমে অতিরিক্ত ১৫০০/- স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

ফরম পূরণ ও ফি জমাদানের তারিখঃ ২৩ ০৯/২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো ।

১৮/০৯/২৩

প্রফেসর সাবিকুন নাহার
আই.ডি-৫৪০
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155



নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী ফরম ও ফিস্ দাখিল করতে হবে

০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

***** নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সনের ২য় বর্ষ সম্মান পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা ৩য় বর্ষ অনার্স ২০২২ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

***** অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী ২য় বর্ষ সম্মান ২০২০ সনের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২১ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২২ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

***** মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:**

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী যদি ২০২১ সনের ৩য় বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ না করে থাকে অথবা কোন পত্র/পত্রসমূহে "F" গ্রেড থাকে তাহলে উক্ত শিক্ষার্থী ২০২২ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, কিন্তু যদি ২০২১ সনের ৩য় বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে থাকে তাহলে তার ২০২২ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ থাকবে না।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যারা ২০২১ সনের ৩য় বর্ষ পরীক্ষায় কৃতকার্য হয়েছে তারা আলোচ্য পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে (সংশ্লিষ্ট অনুষদের নিয়ম অনুসারে)।

- ✓ কলা অনুষদের ক্ষেত্রে (D থেকে B-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে B) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে (D থেকে A-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up বাটনে** ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরম পূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২৩/০৯/২০২৩ তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. পরীক্ষার্থীদের ৩য় বর্ষের ভর্তি রশিদের ফটো কপি।
০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৩. টাকা পরিশোধের রশিদ।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

প্রফেসর সাবিকুন নাহার
আই.ডি-৫৪০
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

**বিতরণ:**

০১. কলেজ নোটিশ বোর্ড
০২. বিভাগীয় প্রধান
০৩. সংরক্ষণ নথি।